REG. NO. C 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

সম্পাদক—শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত।

৯ম বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ৩১শে জ্যৈষ্ঠ বুধবার ১৩২৯, ইংরাজী 14th June 1922 | ৫ম সংখ্যা।

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১॥০ টাকা। নগদ মূল্য ৵১০ দুই পয়সা। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য ৴০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴১০ আনা. এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার ৴০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া স্বয়ং আসিয়া বা করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদাদি নিম্ন লিখিত ঠিকানায় পাঠাইতে হইবে।

শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।


## বিজ্ঞাপন।

আমাদের দোকানে নানাবিধ বোম্বাই সাড়ী, পার্শি সাড়ী, মির্জ্জাপুরি রেশমি বস্ত্র, মটকা, দেশী বিলাতী কাপড়, খাগড়ার বাসন অতি অল্প মুনফায় বিক্রয় করা হয়। পরীক্ষা প্রার্থনীয়। শ্রীশচীনন্দন দে

শ্রীবিভূতিভুষণ দে।

রঘুনাথগঞ্জ চাউলপটী,

জঙ্গিপুর, (মুর্শিদাবাদ)

ডাঃ এন, এল, পালে...

## সুদর্শন সার।

(সর্ব্ববিধ জ্বরের অমোঘ ব্রহ্মাস্ত্র।)

দুই দিন সেবন করিলেই ফ... পারিবেন। বিশেষতঃ ... হাত হইতে নিষ্কৃতি পাই... সার ব্যবহার ক... সংযুক্ত জ্বরে ... শক্তির করে।...




দর্পণ সাক্ষাতেই রমণীর সৌন্দর্য্য প্রতীয়মান হয়।

সৌন্দর্য্য বৃদ্ধি করিতে কেশরঞ্জন অদ্বিতীয়।

আমাদের কেশরঞ্জন তৈল। গুণে বিশ্ববিজয়ী, ও প্রতিদ্বন্দ্বী-বিহীন। এই কেশতৈল-প্লাবিত বঙ্গভূমে—বহুদিন হইতেই আমাদের কেশরঞ্জন একাধিপত্য করিয়া আসিতেছে। শ্রেষ্ঠগুণই ইহার কারণ।

আমাদের কেশরঞ্জন তৈল। প্রত্যেক প্রতিভাসম্পন্ন লোক, ইহাকে তাঁহাদের চিন্তাশীলতার ও মস্তিষ্ক-আলোচনার সহায় বলিয়া ভাবেন। এই জন্য জজ, ম্যাজিষ্ট্রেট, ব্যারিষ্টার উকীল, বিশ্ববিদ্যালয়ের ছাত্র সকলেই ইহার অনুরক্ত ভক্ত।

আমাদের কেশরঞ্জন তৈল। মহিলাকুলের সোহাগের অঙ্গরাগ। কেশরঞ্জন বর-বপুতে লেপন করিতে পারিলে, কেশরঞ্জন সিক্ত করিয়া বেণী বন্ধন করিতে পারিলে, তাঁহারা কৃতার্থমন্য হয়েন।

আমাদের কেশরঞ্জন তৈল। কেশ বৃদ্ধি করিতে, কেশের মসৃণতা সম্পাদনে, কেশস্খলন (টাক) নিবারণে, কেশের শত্রু মরামাস ও খুস্কি নিবারণে এবং অঙ্গের লাবণ্য ও মুখের সৌন্দর্য্য বৃদ্ধিতে অতুলনীয়।

এক শিশি ১৲ এক টাকা; মাশুলাদি ৷৴০ ছয় আনা। তিন শিশি ২।০ দুই টাকা চারি আনা; মাশুলাদি ৸০ বার আনা। ডজন ৯৲ নয় টাকা মাশুলাদি স্বতন্ত্র।

## অশোকারিষ্টের স্বল্প পরিচয়।

অশোকারিষ্ট ঋষিদের উর্ব্বর মস্তিষ্কজাত—রমণী কল্যাণকর মহারিষ্ট। স্ত্রীস্বভাবসুলভ ব্যাধিসমূহে ইহার কার্য্যকরীশক্তি অসীম। অনেক সঙ্কটক্ষেত্রে অপর চিকিৎসক পরিত্যক্ত রোগীকে, ইহা শান্তি-সুখময় আরোগ্য প্রদান করিয়াছে। "অশোকারিষ্ট" রমণীর ক্ষয়—রমণীর রোগ বিদূরিত হয়—আর বন্ধ্যা রমণী, বন্ধ্যাত্বের দারুণ নিরাশা-বন্ধন হইতে চিরবিমুক্ত হয়। "অশোকারিষ্ট" ব্যবস্থা করিয়া আমরা অনেক সম্ভ্রান্ত কুল-মহিলাকে কৃচ্ছ্রসাধ্য রমণী সুলভ সাংঘাতিক ব্যাধির কবল হইতে বিমুক্ত করিয়াছি। বাঙ্গালীর শান্তিময় সংসারের লক্ষ্মীরূপিণী রমণীদের রক্ষা করা যদি একটী পবিত্র ব্রত ও কর্ত্তব্য বলিয়া মনে করেন, তবে তাঁহাদের রোগসংবাদ শ্রবণ মাত্রেই "অশোকারিষ্ট" লইয়া ব্যবহার করিতে দিন।

| | | |
|---|---|---|
| মূল্য প্রতি শিশি | ... | ১॥০ দেড় টাকা। |
| প্যাকিং ও ডাকমাশুল | ... | ৷৴০ নয় আনা। |

## হতাশের আশার কথা—বিনামূল্যে ব্যবস্থা।

মফঃস্বলের রোগিদের অবস্থা অর্দ্ধ আনার টিকিটসহ আনুপূর্ব্বিক লিখিয়া পাঠাইলে, আমি স্বয়ং ব্যবস্থা পাঠাইয়া থাকি।

আমাদের ঔষধালয়ে তৈল, ঘৃত, আসব, অরিষ্ট, জারিত ও শোধিত ধাতুদ্রব্যাদি, এবং স্বর্ণঘটিত মকরধ্বজ, মৃগনাভি প্রভৃতি সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

কবিরাজ নগেন্দ্রনাথ সেনগুপ্ত এণ্ড কোং'র

## আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।

১৮।১ ও ১৯ নং লোয়ার চিৎপুর রোড কলিকাতা।

# হিলিংবাম

গত ২৮ বৎসরের পরীক্ষায় সর্ব্বপ্রকার মেহ রোগের সর্ব্বোৎকৃষ্ট মহৌষধ বলিয়া সমগ্র ভারতবর্ষ ও ভারতবর্ষের বাহিরের দেশ সকলেও পরিচিত, আদৃত ও বহুল পরিমাণে ব্যবহৃত হইতেছে।

## ইহার কারণ হিলিংবামের অসাধারণ উপকারিতা।

হিলিংবাম ১ মাত্রা হইতে ফল দেখা যায়। একদিনে মেহের জ্বালা যন্ত্রনা আরোগ্য করে। এক সপ্তাহে রোগ আরোগ্য করিয়া নষ্ট স্বাস্থ্য ফিরাইয়া দেয়। স্ত্রী পুরুষ উভয় জাতীয় রোগীকে সম্পূর্ণ আরোগ্য করে।

হিলিংবাম রোগের জড় "গণোকোকাই" নষ্ট করে, তাই হিলিংবামে রোগ সারে, রোগ চাপা পড়ে না অল্পদিনে পুনরাক্রমন করিতে পায় না। এই কারণে অসংখ্য সুপ্রসিদ্ধ ডাক্তার হিলিংবামের পৃষ্ঠপোষক। দুই চার জনের নাম উল্লেখ করা গেল। ইহাদের সকলেরই সুখ্যাতি পত্র আমরা পাইয়াছি। আই, এম, এস,—কর্ণেল কে, পি, গুপ্ত, এম, ডি, এম, এ; এফ, আর, সি, এস, ইত্যাদি লেঃ কর্ণেল এন, পি, সিংহ, এম, আর, সি, পি, এম,আর, সি, এস এতদ্ভিন্ন অসংখ্য প্রশংসাপত্র পূর্ণ তালিকা পুস্তক পাঠাই পত্র লিখুন।

মূল্য প্রতি বড় শিশি ৩৲

" " মাঝারি শিশি ২॥০

" " ছোট শিশি ১৸০

# স্যাঙ্গো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ, গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর সম্মুখে গরম পড়িতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাঙ্গো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাঙ্গো সেবনে নিবারিত হয়; দেহ সতেজ হয়; বুদ্ধি বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া দাদ, অর্শ, কাউর, বাত আমবাত সর্দ্দি কাশি সমস্তই স্যাঙ্গো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাঙ্গো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতিশিশি (১৬দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫॥০

ডাক মাশুলাদি স্বতন্ত্র।

## আর, লগিন এণ্ড কোং

ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা

## ...প্রতি ...।

—:০:—

...মাদের ... খগঞ্জের দোকানে সুবিধামত গোমস্তা না ...ওয়ায় উক্ত দোকান জঙ্গিপুর দোকানের সামিল করা ...পনারা দয়া করিয়া জঙ্গিপুর দোকানে কাপড় ...দি খরিদ করিবেন যেরূপ দেনা পাওনা খাতাপত্র ছিল ...হাই রহিবে। গুজারের বন্দোবস্ত আমরা নিজে করিয়া লইব। নিবেদন ইতি—

শ্রীশচী নন্দন দে ও শ্রীবিভূতি ভূষণ দে।

সাহেব বাজার জঙ্গিপুর।

## টাকার অষ্টোত্তর শত-নাম।

—:০:—

শ্রীকৃষ্ণের অষ্টোত্তর শতনামের হাস্যোদ্দীপক অনুকরণ। টাকার যত প্রকার নাম হইতে পারে তাহা কৌশলে কবিতায় লিখিত হইয়াছে। একবার পড়িয়া হাসিবেন ও বন্ধু-বান্ধবকে দেখাইবার ও হাসাইবার প্রলোভন সম্বরণ করিতে পারিবেন না। মূল্য মাত্র /০ এক আনা। ৫ এক পয়সার ছয় খানা ডাক টিকিট পাঠাইলে ঘরে বসিয়া পাইবেন। পাইকারগণকে কমিশন দেওয়া যায়।

ম্যানেজার জঙ্গিপুর সংবাদ অফিস

পোঃ রঘুনাথগঞ্জ।

(মুর্শিদাবাদ)

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ।

৩১শে জ্যৈষ্ঠ বুধবার ১৩২৯ সাল।

## গঙ্গার জল বৃদ্ধি।

—:০:—

কিছুদিন পূর্ব্বে ভাগীরথীর উপর দিয়া শেয়াল কুকুর পার হইতেছিল। গত সপ্তাহ হইতে গঙ্গায় লাল জল দেখা দিয়াছে। গঙ্গার আয়তনও বৃদ্ধি হইতে আরম্ভ করিয়াছে। আর হাঁটিয়া পার হওয়া যায় না।

## আবার অরণ্যে রোদন।

—:০:—

অবস্থাপন্ন ও পদস্থ লোকের পায়খানার খবর আমরা বলিতে পারিনা। তবে গরীব হীন-প্রাণ করদাতা প্রজাগণের পায়খানা যে যথারীতি পরিষ্কার হয় না সে বিষয়ে বেশ অবগত আছি! দুই, তিন দিন উপর্য্যুপরি ময়লা মজুত হওয়ার পর যদি মেথর একবার আসে, আসিয়াও সমস্ত ময়লা না লইয়া গিয়া পায়খানার এ পাশে ও পাশেই সরাইয়া রাখে। পায়খানা পরিষ্কার সম্বন্ধে আমরা ইতিপূর্ব্বেও অনুরোধ করিয়াছি কিন্তু ফলে কিছুই হয় নাই। আমাদের বলিতে সাহস হয় না— যদি কর্ত্তৃপক্ষের কোন সহৃদয় মহোদয় একবার তদন্ত জন্য একটু কষ্ট স্বীকার করেন তাহা হইলে অনেক পায়খানার হাল ও ...কেয়া উভয় ময়লার একত্র সমাবেশ দেখিতে ...ইবেন।

## ...খেজুর গাছের দিবা স্নান।

—:০:—

বাসুদেবপুর থানার এলাকায় দুলালপুর গ্রামে শ্রীযুক্ত রামকৃষ্ণ নায়েক মহাশয়ের পুকুরের ধারে একটী পুরাতন খেজুর গাছ আছে। এই গাছটি এত দিন অন্যান্য খেজুর গাছের মত আকাশে মাথা তুলিয়া দাঁড়াইয়া ছিল; এখন এই গাছটি সূর্য্যোদয়ের সঙ্গে সঙ্গে মাথা দক্ষিণ দিকে হেলাইয়া ক্রমে ক্রমে সম্পূর্ণভাবে মাথা মুড়িয়া তলস্থ পুকুরের জলের ভিতরে মাথা ডুবাইয়া রাখে। আবার সূর্য্যাস্তের সঙ্গে সঙ্গে ক্রমে ক্রমে এই ভাবে ধীরে ধীরে মাথা তুলিয়া সোজা করে। প্রায় ২০।২৫ দিন হইল এই প্রকারে একই ভাবে এই গাছটি দিনে জলে মাথা ডুবাইয়া রাখে ও রাত্রিতে উঠিয়া দাঁড়ায়। গাছটি ক্রমে ক্রমে শুকাইয়া আসিতেছে।

## আবার স্ত্রী-নির্য্যাতন।

—:০:—

দিনাজপুর রাজবাটীর পদচ্যুত তহশীলদার বিষ্ণু চরণ ভট্টাচার্য্যের পুত্র কুলদাচরণ ভট্টাচার্য্য তাহার স্ত্রীর প্রতি অত্যাচারে এবং তাহার সর্ব্বাঙ্গে লোহা পুড়াইয়া ছেঁকা দেওয়ার অপরাধে অভিযুক্ত হইয়াছে।

## অবসর গ্রহণ।

—:০:—

স্যার সামসুল হুদা অবসর গ্রহণ করিতেছেন। তাঁহার স্থানে মিঃ এইচ, ই, এ, কটন বঙ্গীয় ব্যবস্থাপক সভায় সভাপতির আসন গ্রহণ করিবেন। তিনি আগামী নভেম্বর মাসে এখানে আসিয়া কার্য্যভার গ্রহণ করিবেন।

## মুক্তিলাভ।

—:০:—

দেশবন্ধু চিত্তরঞ্জনের পুত্র শ্রীমান চিররঞ্জন কারামুক্ত হইয়াছেন। কলিকাতায় ইনিই সর্ব্বপ্রথম অগ্রণী হইয়া আইন অমান্য করিয়া কারাবরণ করিয়াছিলেন। এই সঙ্গে শ্রীযুক্ত হেমন্ত কুমার সরকার মহাশয়ও কারামুক্ত হইয়াছেন। ইহাঁরা নবোদ্যমে পুনরায় দেশের কার্য্যে নিযুক্ত হইবেন।

## ডাক পিয়নের টিকিট চুরি।

—:০:—

আলিপুরের পুলিশ ম্যাজিষ্ট্রেট খাঁ বাহাদুর ফজলাল হকের এজলাসে ওয়াটগঞ্জ পোষ্ট-অফিসের এক পিয়নের বিরুদ্ধে ষ্ট্যাম্প চুরির অভিযোগের বিচার শেষ হইয়া গিয়াছে। সে নাকি ওয়াটগঞ্জ পোষ্টাফিসে যত চিঠিপত্র যাইত, তাহা হইতে ষ্ট্যাম্প উঠাইয়া রাখিয়া দিত। ফলে সেই অঞ্চলের অনেক অধিবাসীকে বিনা টীকিটে চিঠি দেওয়ার জন্য বেয়ারিং চার্জ্জ দিতে হইয়াছে। অনেক দিন হইতেই এই সম্বন্ধে অভিযোগ হইয়া আসিতেছে। পোষ্টাল কর্ত্তৃপক্ষ তদন্ত করিয়া একদিন পিয়নকে হাতে কলমেই ধরিয়া ফেলে। বিচারে ম্যাজিষ্ট্রেট আসামীকে দোষী সাব্যস্ত করিয়া তাহার প্রতি ছয় মাস সশ্রম কারাদণ্ডের আদেশ দিয়াছেন।

## হস্তিনীর স্বদেশ প্রীতি।

—:০:—

লণ্ডনের পশুশালায় কুচবিহারের মহারাজা প্রদত্ত 'ইন্দিরিনী' নামে হস্তীনীর গত এপ্রেল মাসের মধ্যভাগ হইতে মানসিক পরিবর্ত্তন ঘটায় স্বীয় শাবকগুলিকে পালনে অস্বীকার করে। খোয়ারের বাহিরে আসিতে চায় না। বিলাতের মাহুতেরা বিশেষ চেষ্টা করিয়াও তাহাকে বশে আনিতে পারে নাই। বোম্বাই পশুশালার সুপারিণ্টেণ্ডেণ্ট গিয়া তাহাকে দেশীয় ভাষায় ডাক দিল সে শান্তভাবে তাঁহার আদেশ মত আহারাদি করিয়া স্বীয় সন্তানগণকে রক্ষণাবেক্ষণ করিতেছে।

## হাতকড়ির বদলে আঙ্গুল-কড়ি।

—:০:—

আমেরিকার এক ভদ্রলোক সম্প্রতি হাতকড়ির বদলে অপরাধীদের জন্য এক রকম আঙ্গুলকড়ি তৈরি করিয়াছেন। হাতকড়ি দিয়া লইয়া যাইবার সময় অনেক বদ্‌মাইস চোর খুব টানাটানি করে ও পাহারাওয়ালাকে কাবু করিয়া অনেক সময় পলাইয়া যায়। কিন্তু এই নুতন আবিষ্কৃত আঙ্গুলকড়ি পড়াইয়া দিলে নাকি চোর বেশী টানাটানি করিতে পারে না, তাতে তার হাতে খুব লাগে। খুব টানাটানিতেও কিন্তু হাতকড়িতে লাগে কম ও চোরদের ঝাপ্‌টাঝাপ্‌টি করিবার সুবিধা।

প্রবাসী

## কেবল দেড় টাকার

## প্রত্যেকেরই নিত্য প্রয়োজনীয়

নিম্নলিখিত ৬ দফার যে কোন জিনিষ পাইবেন।

এক সঙ্গে ৬ দফা জিনিষ ৮৲ টাকায় পাইবেন।

PAID.
URGENT.
DUPLICATE.
CANCELLED.
BOOK-POST.
REPLIED.
COPIED.
REGISTERED.
REFUSED.
Original.
Reference No.
STAMPED.

১। ওয়ার্ড ষ্ট্যাম্প—উপরের নমুনা অনুযায়ী ১২ টি রবার ষ্টাম্প।
২। রবার ষ্ট্যাম্প—বাদামী, গোল, স্কোয়ার ইত্যাদি নানা রকমের fancy ডিজাইনে নাম ও ঠিকানা যুক্ত।
৩। নম্বারিং রবার ষ্ট্যাম্প—ইহাতে ৯৯৯৯ পর্য্যন্ত নম্বর করা যাইবে।
৪। ডেটিং ষ্ট্যাম্প—তারিখ, মাস ও সন বদলান যাইবে।
৫। পকেট প্রেস-A হইতে Z সমস্ত অক্ষর আছে।
৬। পিতলের শিলমোহর-পিতলের হাণ্ডেল যুক্ত রেজেষ্টারী চিঠিপত্রে গালায় ছাপিবার জন্য, কালিতেও ছাপা চলে। নাম বা মনোগ্রাম পাঠাইলে প্রস্তুত হয়।

আর, এন, দত্ত এণ্ড কোং এনগ্রেভার্স

৩৭।৪নং হ্যারিসন রোড, কলিকাতা।

## মাছের চামড়ার জুতা।

—:০:—

মাছের ও সাপের চামড়ার জুতা ইউরোপ ও আমেরিকায় পরম সমাদরের সঙ্গে ব্যবহৃত হইতেছে। এই জুতায় খরচ কম, টেকসই বেশী, দেখিতেও চমৎকার পরিপাটী। বাংলা মাছের দেশ, সাপও এদেশে অপ্রচুর নহে, জুতা তৈয়ারির এই নুতন উপকরণ কাজে লাগাইতে পারিলে দেশের সমৃদ্ধি বাড়িতে পারে।

প্রবাসী

## বঙ্গে জাতীয় বিদ্যালয়।

—:০:—

বঙ্গে ১৫০ জাতীয় বিদ্যালয় প্রতিষ্ঠিত হইয়াছে, এই সকল বিদ্যালয় কোথায় কোথায় স্থাপিত হইয়াছে ও তাহাতে ছাত্র সংখ্যা কত তাহা নিম্নে প্রদত্ত হইল :—

| | |
|---|---|
| ঢাকা | ৪০১৬ |
| ফরিদপুর | ১৬৯১ |
| ময়মনসিংহ | ১৪০১ |
| কলিকাতা | ১২০১ |
| বরিশাল | ৯১২ |
| ত্রিপুরা | ৮৫২ |
| মেদিনীপুর | ৫৯০ |
| শ্রীহট্ট | ৪৭৬ |
| যশোহর | ৪২৯ |
| পাবনা | ৩৯৪ |
| নোয়াখালি | ৩৫০ |
| মুর্শিদাবাদ | ৩৪৬ |
| খুলনা | ৩০৫ |
| হুগলি | ২৩৫ |
| বৰ্দ্ধমান | ১৪০ |
| চট্টগ্রাম | ১৩০ |
| রংপুর | ১২০ |
| বাঁকুড়া | ১০০ |
| বীরভূম | ১০০ |
| রাজসাহী | ৯৮ |
| হাওড়া | ৮০ |
| নদীয়া | ৭৫ |
| কাছার | ৬০ |
| মালদহ | ৬০ |

সৰ্ব্বসমেত ১৪,১৯১ ছাত্র জাতীয় বিদ্যালয়ে অধ্যয়ন করে।

## অসহোযোগের জন্য জেলে ভূতপূৰ্ব্ব সৈন্য।

—:০:—

চাতরার নিকট কোপাগ্রাম নিবাসী শ্রীমান্ প্রমথ নাথ সিংহ মহেশপুর কংগ্রেস কমিটির সেক্রেটারী ও অপর কয়েকজন কংগ্রেস ভলণ্টিয়ার পাকুর ও মহেশপুরে পিকেটীং প্রভৃতি করার জন্য গ্রেপ্তার হইয়াছিল। পাকুরের সাবডিভিসনাল অফিসার মিঃ ম্যাকের বিচারে শ্রীমান, প্রমথ নাথের দুই বৎসর সশ্রম কারাদণ্ড হইয়াছে। অপর আসামীদের প্রত্যেকের এক বৎসর সশ্রম কারাদণ্ড ও কেবল একজনের ১ মাসের অশ্রম কারাদণ্ডের আদেশ হইয়াছে। শ্রীমান্ প্রমথ বিগত মহাযুদ্ধের সময় ভারত গবর্ণমেণ্টের সৈনিক বিভাগে মেসোপোটেমিয়ায় সৈনিকের কাজ করিয়াছিল। সে আজ ভারত গবর্ণমেণ্টের বিরুদ্ধে অসহযোগ করিয়া ভাগলপুরের জেলে প্রেরিত হইতেছে। সময়ের ফের!

বীরভূমবাসী


## বিবাহ সমাধান সমিতি।

এই জ্যৈষ্ঠ আষাঢ়ে যাঁহারা পাত্র কন্যার বিবাহ দিতে ইচ্ছা করেন, এরূপ পাত্র-পাত্রীর অনুসন্ধানকারিগণ প্রত্যেক পাত্র কিম্বা পাত্রীর জন্য ১৲ টাকা করিয়া রেজিষ্ট্রেশন ফি দিয়া অবিলম্বে আমার সহিত পত্র ব্যবহার করুন। চিঠি পত্রের উত্তরের জন্য রিপ্লাইকার্ড অথবা ডাকটিকিট দিবেন।

শ্রীননীধর মুখোপাধ্যায়।
মলুটী পোঃ অঃ।
সাঁওতালপরগনা।

## ডাঃ কিশোরীমোহন সিংহ এম, বি,

চক্ষু চিকিৎসায় বিশেষজ্ঞ

মেডিক্যাল কলেজ হাসপাতাল ও দারভাঙ্গা সরকারি হাসপাতালের ভূতপূৰ্ব্ব লব্ধপ্রতিষ্ঠ চিকিৎসক।

সৰ্ব্বপ্রকার চক্ষুরোগ চিকিৎসা

ও বৈজ্ঞানিক উপায়ে চক্ষু পরীক্ষা করিয়া চশমার ব্যবস্থা ও ব্যবস্থানুযায়ী প্রকৃত চশমা সংগ্রহ করিয়া দিয়া থাকেন।

যাবতীয় দুর্ব্বোধ ও দুরারোগ্য ব্যাধি

রক্ত কফ প্রস্রাবাদি পরীক্ষা করিয়া

রোগ নির্দ্ধারণ পূর্ব্বক আধুনিক বৈজ্ঞানিক উপায়ে ভাক্সিন ও এণ্টিটক্সিন আদি ইনজেকসন ও ঔষধ প্রয়োগ দ্রুত আরাম করেন।

চিকিৎসার্থী মফঃস্বলবাসীগণ—

কলিকাতা মহানগরীতে উপস্থিত হইয়া সুচিকিৎসকের সন্ধান করিতে বিশেষ বেগ পাইয়া থাকেন। তাঁহাদের অসুবিধা দূরীকরণের বিজ্ঞাপন এই দেওয়া হইল।

রোগী দেখা ও পরামর্শের সময় ও স্থান :—

প্রাতে ৭টা হইতে ৯টা পর্য্যন্ত—নিজ বাসাবাটী ৫০।৩ হরিশ মুখার্জ্জির রোড ভবানিপুর, কলিকাতা।

বৈকালে ৪টা হইতে ৬টা পর্য্যন্ত—মেডিকেল হোম্,
১৯৭ কর্ণওয়ালিস ষ্ট্রীট,
কলিকাতা।

## স্বদেশী বাণিজ্যের উন্নতির জন্য

ইষ্টারন প্রডাক্ট্ এণ্ড ট্রেডিং কোং লিমিটেড প্রতিষ্ঠিত হইল।

প্রথম অৰ্দ্ধ বৎসরেই শতকরা ২০৲ টাকা লাভ হইবে আশা করা যায়।

নিয়মাবলী ও দরখাস্ত ফরমের জন্য সত্বর আবেদন করুন।

ম্যানেজিং এজেন্টস্
জি, ডি নাথ।

পোঃ বাক্স ২১০৬
ফোন নং ৪৭৭০

২৮৫।৯ বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

অথবা নিম্নলিখিত এজেন্টগণের নিকট আবেদন করুন।

এফ, এইচ ভগবান স্কোয়ার,
পোষ্ট বক্স্ ৫১৪; (রেঙ্গুন)

আর, এফ, কেম্বার স্কোয়ার,
১৮নং বাইলি ষ্ট্রীট্ ফোর্ট, কলম্বো

সি, এ, কৃষ্ণস্বাম আয়ার স্কোয়ার
১১৯নং আদিয়াপ্পা, নাইক ষ্ট্রীট, মান্দ্রাজ।

পি, এন্, মুদি স্কোয়ার
৩১৫ হর্ণ-বি রোড্ ফোর্ট, বোম্বাই।

পি, সি, চৌধুরী স্কোয়ার
৪। এ, হিউয়েথ রোড্, লক্ষ্ণৌ।

সৰ্দার আসরফ আলি খাঁ
কাটরা দিনবেগ খাঁ লালছা, দিল্লী।

টি, পি, বৰ্ম্মা স্কোয়ার,
সার আলির রোড, পাটনা

গুণে অদ্বিতীয় গন্ধে অতুলনীয়

জবাকুসুম তৈল মস্তিষ্ক স্থির রাখে, মনকে প্রফুল্লিত করে, কেশের শোভা বৰ্দ্ধিত করে। এই সকল কারণে জবাকুসুম তৈল সকলের আদরণীয়। এই জন্যই জবাকুসুম তৈল কেশ তৈলের শীর্ষস্থান অধিকার করিয়াছে। অনেক নকল ও অনুকরণ সত্ত্বেও কোন তৈলই তাহাকে শীর্ষস্থানচ্যুত করিতে পারে নাই।

১ শিশি ১৲ টাকা।
৩ শিশি ২।০ ভিঃ পিতে ২॥৵০

### দ্রষ্টব্য।

শিশি, তৈল প্রভৃতি দ্রব্যের মূল্য অত্যন্ত বৃদ্ধি হওয়ায় অদ্য তারিখ হইতে বাধ্য হইয়া এক গ্রোস জবাকুসুম তৈলের মূল্য ১০৮৲ একশত আট টাকা, ডজনের মূল্য ৯॥০ সাড়ে নয় টাকা ও তিন শিশির মূল্য আড়াই টাকা /।০ শিশির মূল্য ৩।০ টাকা ধার্য্য করা হইল। এক শিশির মূল্য এক টাকা রহিল।

## কল্যাণ বটিকা

ধাতুদৌৰ্ব্বল্যের মহৌষধ।

কল্যাণ বটিকা সেবনে ধাতুদৌৰ্ব্বল্য ও তজ্জন্য স্বপ্নদোষাদি উপসর্গ ত্বরায় প্রশমিত হইয়া শরীরের কান্তি ও পুষ্টি বৰ্দ্ধিত হয়। কল্যাণ বটিকার গুণ অব্যর্থ ও স্থায়ী।

১ কৌটা ২৲ ভিঃ পিতে ২৵০

## অমৃতাদি বটিকা

ম্যালেরিয়া জ্বরনাশে অব্যর্থ।

অমৃতাদি বটিকা সেবনে সৰ্ব্বপ্রকার জ্বর বিশেষতঃ ম্যালেরিয়া জ্বর অতি শীঘ্র দূরীভূত হইয়া থাকে। প্লীহা ও যকৃতের বৃদ্ধি হইলে অমৃতাদি বটিকা সেবনে আশ্চর্য্যজনক ফল পাওয়া যায়, জ্বরের হস্ত হইতে নিষ্কৃতি পাইবার জন্য দেশ দেশান্তর ভ্রমণ করিতে হয় না।

১ কৌটা ভিঃ পিতে ১৵০

## ক্ষুধাবতী

অম্লপিত্ত রোগীর একমাত্র ভরসাস্থল।

ক্ষুধাবতী ঔষধ সেবনে অম্লপিত্ত রোগ শীঘ্রই দূরীভূত হয়। আকণ্ঠ ভোজনের পর একমাত্রা ক্ষুধাবতী সেবন করিলে তুলাতে অগ্নি সংযোগের ন্যায় গুরুপাক দ্রব্য ভস্মীভূত হইয়া যায়। অগ্নিতে জল সেকের ন্যায় বুকজ্বালা নিবারিত হয়।

১ শিশি ১৲ টাকা ভিঃ পিতে ১।/

সি, কে, সেন এণ্ড কোং লিমিটেড
ব্যবস্থাপক ও চিকিৎসক—
শ্রীউপেন্দ্রনাথ সেন কবিরাজ
২৯নং কলুটোলা ষ্ট্রীট, কলিকাতা

